# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

**26 December 2025** **7:35 AM IST**

==============================================================================

পশ্চিম কার্বি আংলং জেলার খেরণির পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় পরিস্থিতির উপর সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে বলে জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে উচ্ছেদের বিষয়টি উচ্চ ন্যায়লয়ে বিচারাধীন থাকার জন্য সরকার কোনো ব্যবস্থা নিতে পারছে না ।

এদিকে পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং কার্বি আংলং এ উপস্থিত থেকে আইন শৃঙ্খলা পরিস্থিতির ওপর সতর্ক দৃষ্টি রেখে চলছেন । গত দুদিন অঞ্চলটিতে সৃষ্টি হোয়া পরিস্থিতি সম্পর্কে শ্রী সিং বলেন যে এধরণের অপ্রীতিকর ঘটনা কোনো সমস্যার সমাধান করে না । তিনি জেলার যুব প্রজন্ম সহ অন্যান্য প্রতিবাদকারীদের বিপথে পরিচালিত না করতে অভিবাবকদের প্রতি আহ্বান জানান ।

---

দেশে পানকার্ড এবং আধারকার্ড সংযোগের জন্য অন্তিম সময়সীমা আগামী ৩১শে ডিসেম্বর ধার্য করা হয়েছে । জনসাধারণের কর প্রদান করার ক্ষেত্রে প্যানকার্ড এবং আধারকার্ডের সংযোগ বাধ্যতামূলক করা হয়েছে । ২০২৪ সালের পয়লা অক্টোবর আধারকার্ড এবং পানকার্ড সংযোগ করার জন্য একটি নির্দেশ জারী করা হয়েছিল এবং পরবর্তী সময়ে ওই সময়সীমা ২০২৫ সালের তেসরা এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল । আগামী ৩১ ডিসেম্বরের আগে যারা পানকার্ড এবং আধারকার্ড সংযোগ করবেন না তাদের ১ হাজার টাকা জরিমানা দিতে হবে বা পানকার্ড নিষ্ক্রিয় করে দেওয়া হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড় সহ রাজ্যের ১৪টি জেলার আয়ুক্তকে বদলি করা হয়েছে । শিবসাগর জেলার বর্তমান আয়ুক্ত আয়ুষ গর্গকে কাছাড় জেলার নতুন আয়ুক্ত হিসেবে দায়িত্ব অর্পন করা হয়েছে এবং কাছাড়ের আয়ুক্ত মৃদুল যাদবকে শিবসাগর জেলার আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । অনুরূপভাবে , কামরূপ মহানগর জেলার আয়ুক্ত সুমিত সাত্তাওয়ানকে তিনসুকিয়া জেলায় , অরণ্যক শইকীয়াকে কার্বি আংলং জেলার , ধুবরীর জেলা আয়ুক্ত দিবাকর নাথকে বঙ্গাইগাওয়ে এবং বঙ্গাইগাওয়ের আয়ুক্ত নবদ্বীপ পাঠককে ধুবরীর জেলা আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । এদিকে , দরং-এর জেলা আয়ুক্ত পরাগ কুমার কাকতিকে গোলাঘাট জেলার আয়ুক্ত হিসেবে দায়িত্বভার অর্পন করা হয়েছে । তামুলপুরের জেলা আয়ুক্ত পঙ্কজ চক্রবর্তীকে কোকরাঝারের দায়িত্ব দেওয়া হয়েছে । কোকরাঝারের আয়ুক্ত মাচান্দা মাগদালিন পার্টিনকে রাজ্যের অর্থ বিভাগের যুগ্ম আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে । একইভাবে , পরিবেশ ও বন বিভাগের যুগ্ম আয়ুক্ত সিমি করণকে তামুলপুরের আয়ুক্ত হিসেবে বদলি করা হয়েছে ।

---

ক্রীড়ার মাধ্যমে  আর্ন্তজাতিক পর্য্যয়ে কর্ম সংস্থান এবং উপার্জনের পথ উন্মুক্ত হয় বলে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল মন্তব্য করেন । মন্ত্রী শ্রীসনোয়াল গতকাল ডিব্রুগড় জেলায় সাংসদ খেল মহোৎসবের সমাপ্তি অনুস্টানে বক্তব্য রাখতে গিয়ে বলেন যে ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দায়িত্ব গ্রহনের পর দেশে খেলার মাধ্যমে সমাজকে শক্তিশালী করার বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে ।

মন্ত্রী শ্রী সনোয়াল আরো বলেন ----- বাইট

উল্লেখ্য গতকাল সাংসদ খেল মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে বক্তব্য রাখেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আসাম সহ উত্তর-পূর্ব ভারতের সব কটি রাজ্যে আগামী রবিবার পর্য্যন্ত ঘন থেকে অতি ঘন কুয়াশা থাকবে । বিভাগের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে আগামী দু দিন উত্তর-পূর্ব ভারতে শীত আরো বৃদ্ধি পাবে এবং কমলা সর্তক বার্তা জারী করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার খাদ্য ও সরবরাহ বিভাগ থেকে জানানো হয়েছে যে জেলায় জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে অন্ত্যোদয় অন্ন যোজনা ও প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের আগামী জানুয়ারী মাসের ভর্তুকি যুক্ত মসুর ডাল , চিনি ও লবন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জেলার সব গ্রাম পঞ্চায়েত সমবায় সমিতি ও হোলসেল কো-অপারেটিভ সোসাইটিগুলিকে

আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে মসুর ডাল চিনি ও লবন সংগ্রহ করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং  এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আজকের মধ্যে সড়ক ও ফুটপাত দখলমুক্ত করতে হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে কোন ব্যবসায়ী বা পথ ব্যবসায়ী যেন কোন ভাবেই পণ্য সামগ্রী নিয়ে সড়ক বা ফুটপাত অবরোধ করে ব্যবসা পরিচালনা না করেন । জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি হয় , এমন কোন কার্য্যকলাপ  বরদাস্ত করা হবে না । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে বিশেষ করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , প্রবীন ব্যাক্তি ও সাধারন পথচারীদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের কথা মাথায় রেখে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে পৌর নিগম সূত্রে জানানো হয়েছে ।
বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে নির্ধারিত সময়সীমার মধ্যে সড়ক ও ফুটপাত দখল মুক্ত না করলে শিলচর পৌর নিগম ও পুলিশ প্রশাসনের যৌথ উদ্যোগে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রের লোকসঙ্গীত শিল্পী রঞ্জিত পুরকায়স্থ গত বুধবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিলো ৯২ । উল্লেখ্য আকাশবাণীর সূচনা লগ্ন থেকেই তিনি সঙ্গীত শিল্পী হিসেবে যুক্ত ছিলেন । প্রয়াত পুরকায়স্থ আকাশবাণীর বি-হাই গ্রেডের শিল্পী ছিলেন ।

---